ভোরের কাগজ

তারিখ 26 FEB 1998
পৃষ্ঠা ... কলাম ৪......

## ডিপ্লোমা প্রকৌশলীদের সম্মেলনে প্রধানমন্ত্রীর ঘোষণা

# চলতি অর্থবছরে মহিলাদের ৩টিসহ ১৬টি পলিটেকনিক প্রতিষ্ঠা করা হবে

**কাগজ প্রতিবেদক :** বর্তমান 'অর্থবছরে তিনটি মহিলা পলিটেকনিকসহ ১৬টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট প্রতিষ্ঠার কথা ঘোষণা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রযুক্তি ও কারিগরি শিক্ষার উন্নয়নে সরকার আন্তরিক উদ্যোগ গ্রহণ করেছে।

গতকাল বুধবার ইনস্টিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি)-এর ১২তম জাতীয় সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন; শেখ হাসিনা বলেন প্রযুক্তি ও কারিগরি পেশায় নিয়োজিত সকলের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রকৌশল ও কারিগরি পেশাজীবীর উপযোগী একটি প্রকৌশল প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করার বিষয়টি আমাদের বিবেচনাধীন রয়েছে।

কাকরাইলে আইডিইবি প্রাঙ্গণে অনুষ্ঠিত তিন দিনব্যাপী জাতীয় সম্মেলনের উদ্বোধন ঘোষণা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশে একটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থাকলেও বিগত সরকারের আমলে এ মন্ত্রণালয় বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে তেমন কোনো ভূমিকা রাখেনি। দেশের ১২টি জেলায় পর্যায়ক্রমে ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করার সরকারি পরিকল্পনার উল্লেখ করে তিনি বলেন, সরকার স্বাধীনতার সুফল সকলের ঘরে পৌছে দিতে চায়।

আইডিইবি'র সভাপতি রফিকুল ইসলাম ভূঁইয়ার সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইনস্টিটিউটের সাধারণ সম্পাদক এ কে এম এ হামিদ ও যুগ্ম সাধারণ সম্পাদক মোজাম্মেল হক।

মানব সম্পদ উন্নয়নে ডিপ্লোমা প্রকৌশলীদের এক একজনকে সৈনিক হিসেবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, ন্যায্য দাবি আদায়ের জন্য কাজ বন্ধ না করে আপনারা অতিরিক্ত সময় কাজ করার যে নজির স্থাপন করেছেন তা অন্যরাও অনুসরণ করবে বলে আমি আশা করি।

অনুষ্ঠানে শেখ হাসিনা পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আওতায় প্রতিটি জেলায় একটি করে পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনে সরকারি পরিকল্পনার কথাও ঘোষণা করেন। তিনি বলেন, পলিটেকনিক শিক্ষাকে যুগোপযোগী ও কার্যকর করার জন্য কম্পিউটার, পরিবেশ বিজ্ঞান ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ও সংযোজন করা হবে। তিনি ডিপ্লোমা প্রকৌশলীদের সিলেকশন গ্রেড স্কেলসহ পেশাগত দাবি-দাওয়া বিবেচনার আশ্বাস দিয়ে বলেন, আপনাদের পেশাগত সমস্যার সমাধান খুঁজে বের করার জন্য সরকার একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করেছে।

আইডিইবি'র ১২তম জাতীয় সম্মেলন ও ২১তম কাউন্সিল উদ্বোধনের পর গতকাল বিকেলেই 'জ্বালানি ও বিদ্যুৎ : জাতীয় প্রবৃদ্ধির যন্ত্রে আধুনিক ইন্ধন' শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সম্মেলনের দ্বিতীয় দিনে 'জাতীয় অর্থনৈতিক উন্নয়নে প্রশাসনিক দক্ষতা ও শৃঙ্খলা : বাংলাদেশ প্রেক্ষিত' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হবে।

**হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতির প্রতিনিধিদলের সাক্ষাৎ**

বাংলাদেশ হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতির ৭ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সমিতির সভাপতি মোহাম্মদ গোলাম মোস্তফা।

প্রতিনিধিদল বাংলাদেশ থেকে চিংড়ি রপ্তানির ওপর ইউরোপীয় ইউনিয়ন কমিশনের আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহারের লক্ষ্যে প্রধানমন্ত্রী ব্যক্তিগতভাবে উদ্যোগ নেওয়ার জন্য তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী রপ্তানির সময় চিংড়ির গুণগতমান কঠোরভাবে বজায় রাখা এবং ইউরোপীয় ইউনিয়নের দেওয়া শর্ত মেনে চলার জন্য হিমায়িত খাদ্য রপ্তানিকারকদের প্রতি আহ্বান জানান।

প্রতিনিধিদলের অন্য সদস্যরা হচ্ছেন- সালাহউদ্দিন আহমেদ, কাজী শাহ নেওয়াজ, ফেরদৌস আলম ফারাজি, মাকসুদুর রহমান, আবদুল খালেক সরকার ও কাজী বেলায়েত হোসেন।